# আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ৫০

## আরবি মূল আয়াত:

فَبِاَىِّ حَدِيثٍۭ بَعۡدَهٗ يُؤۡمِنُوۡنَ ﴿۵۰﴾

## অনুবাদসমূহ:

সুতরাং কুরআনের পরিবর্তে আর কোন্ বাণীর প্রতি তারা ঈমান আনবে? — আল-বায়ান

তাহলে কুরআনের পর (তার চেয়ে উত্তম) আর কোন্ কিতাব আছে যার উপর তারা ঈমান আনবে? — তাইসিরুল

সুতরাং তারা কোন্ কথায় এরপর বিশ্বাস স্থাপন করবে? — মুজিবুর রহমান

Then in what statement after the Qur'an will they believe? — Sahih International

### ৫০. কাজেই তারা কুরআনের পরিবর্তে আর কোন কথায় ঈমান আনবে!(১)

(১) অর্থাৎ মানুষকে হক ও বাতিলের পার্থক্য বুঝিয়ে দেয়ার এবং হিদায়াতের পথ দেখানোর জন্য সবচেয়ে বড় জিনিস যা হতে পারতো তা কুরআন আকারে নাযিল করা হয়েছে। তারা যখন কুরআনের মত অপূর্ব, অলংকারপূর্ণ, তত্ত্বপূর্ণ ও সুস্পষ্ট প্রমাণাদিমণ্ডিত কিতাবে ঈমান আনল না, তখন এরপর আর কোন কথায় বিশ্বাস স্থাপন করবে? এ কুরআন পড়ে বা শুনেও যদি একে বাদ দিয়ে আর অন্য কোন জিনিসের দিকে ধাবিত হয় তবে তাদের মত দুর্ভগা আর কে হতে পারে? [দেখুন: সা’দী]

তাফসীরে জাকারিয়া

### (৫০) সুতরাং তারা এ (কুরআনে)র পরিবর্তে আর কোন্ কথায় বিশ্বাস স্থাপন করবে? [1]

[1] অর্থাৎ, যদি এই কুরআনেরই প্রতি ঈমান না আনে, তাহলে এরপর আর কোন্ এমন বাণী আছে, যার উপর তারা ঈমান আনবে? এখানেও কুরআনকে ‘হাদীস’ বলে আখ্যায়িত করা হয়েছে। যেমন আরো অনেক স্থানে করা হয়েছে। একটি দুর্বল হাদীসে এসেছে, যে ব্যক্তি সূরা তীনের শেষ আয়াত... أَلَيْسَ اللهُ পড়বে, সে উত্তরে বলবে, بَلَى وَأَنَا عَلَى ذَلِكَ مِنَ الشَّاهِدِيْنَআর সূরা ক্বিয়ামার শেষ আয়াতের উত্তরে বলবে, بَلَىএবংفَبِأَيِّ حَدِيثٍ بَعْدَهُ يُؤْمِنُوْنَএর উত্তরে বলবে,آمَنَّا بِاللهِ (আবূ দাউদ রুকু-সিজদার পরিমাণ পরিচ্ছেদ, যয়ীফ আবূ দাউদ আলবানী) কোন কোন আলেমের নিকট শ্রোতাকেও উত্তর দেওয়া উচিত। (কিন্তু হাদীস সহীহ নয়, বিধায় এর উপর আমল বৈধ নয়। -সম্পাদক)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5672

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন